গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
এস.এ.শাখা
www.narail.gov.bd

নম্বর : ০৫.৪৪.৬৫০০.২০২.২০.০০৮.২৪. ৪১৭

তারিখ : ৩০ জুন, ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ১৪.০২.২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৪.১৯.১৮৬ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্র এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনা'র ০৬.০৫.২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০১৫.৫১.০০৫.২৩ (১২) নম্বর স্মারকে অনুমোদনের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল এর রাজস্ব প্রশাসনাধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নড়াইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদে সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	যোগ্যতা
১	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২টি	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞ; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।
২	ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী	০২টি	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞ; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।
৩	সার্টিফিকেট সহকারী	০৩টি	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-)	(ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞ; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ থাকতে হবে।

শর্তাবলি:

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং নড়াইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা-কে সম্বোধন করতে হবে এবং আবেদনপত্র আগামী ৩১/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইলে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারী পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট(www.mopa.gov.bd), জেলা প্রশাসক, নড়াইলের ওয়েবসাইট (www.narail.gov.bd), জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল এর রাজস্ব শাখা এবং নড়াইল জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ডাউনলোড করা যাবে।

৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৪। প্রার্থীর বয়সসীমা ৩১/০৭/২০২৪ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে)।

(খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম ও পদবি যুক্ত সীল সংবলিত চারিত্রিক সনদপত্র।

(চ) প্রার্থী শহিদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্য পূরণপূর্বক মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ ও জন্ম সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র পিতামাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

(ছ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফিস বাবদ কোড নম্বর ১-৪৬৩১-০০০০-২০৩১-এ ২০০/-(দুইশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৬। নিয়োগের ক্ষেত্রে যদি কোন আদালতের নিষেধাজ্ঞা থাকে/কোন রিট বা মামলা বিচারাধীন থাকে/কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষামাণ বা প্রক্রিয়াধীন থাকে; তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট লাগানো ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৮। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয় এবং কোনরূপ ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। সরকারি বা আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।

১০। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/আনসার ভিডিপি প্রভৃতি কোটা সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক/সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উপস্থাপন করা যাবে না।

১৪। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। প্রার্থীদের নির্বাচিত/লিখিত, মৌখিক বা অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩০/০৬/২৪

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা প্রশাসক
নড়াইল
ফোন ০২-৪৭৭৭৭৩৩০১
ই-মেইল dcnarail@mopa.gov.bd

নম্বর ০৫.৪৪.৬৫০০.২০২.২০.০০৪.২০২৪. ৪১৭ (৫০) তারিখ: ৩০ জুন, ২০২৪

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৫। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৬। পুলিশ সুপার, নড়াইল
৭। সিভিল সার্জন, নড়াইল
৮। উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল
১১। উপপরিচালক, স্থানীয় সরকার, নড়াইল
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নড়াইল (বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)
১৩। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা ও সচিব, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নড়াইল (বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)
১৫। জেলা তথ্য অফিসার, নড়াইল
১৬। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, নড়াইল
১৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল (তাকে বিজ্ঞপ্তিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯.১২.২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নম্বর পরিপত্রে প্রকাশিত চাকরির আবেদনের মডেল ফরম ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৮।

(ক) সম্পাদক, দৈনিক বণিক বার্তা ঢাকা ......(জাতীয়)
(খ) সম্পাদক, দৈনিক ওমান নড়াইল ......(স্থানীয়)
(গ) সম্পাদক, BDnews24.com, ------(অনলাইন)

বিজ্ঞপ্তিটি আগামী ০১.০৭.২০২৪ খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ৫ (পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারীর বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩০/০৬/২৪

জেলা প্রশাসক